

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 20-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-VBRY :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নয়াদিল্লি থেকে প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনায় অনুদান প্রদান উপলক্ষে গতকাল আগরতলায় টাউন হলে একই সময়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়। ভারত সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীন এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনের আগরতলা আঞ্চলিক কার্যালয় আয়োজিত এই অনুষ্ঠানে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা তরুণ তরুণীদের নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি নতুন প্রেরণা ও আত্মবিশ্বাস জাগাতে সাহায্য করবে।

প্রথমবারের মতো চাকরি প্রাপক, ত্রিপুরা থেকে এমন ১৮৪ জন গতকাল এই যোজনার আওতায় এসেছেন। অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনার তাৎপর্য বিস্তারিত ব্যাখ্যা করে বক্তব্য রাখেন। স্বাগত ভাষণ দেন ই.পি.এফ.ও আঞ্চলিক কমিশনার লিউ জোসেফ মারান্ডি। উপস্থিত ছিলেন শ্রম কমিশনার বিশ্বজিৎ পাল, এম.এস.এম.ই 'র ডেপুটি ডিরেক্টর বি.পি. মিনা।

CM-Seminar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরার অর্থনীতি গত কয়েক বছরে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। গতকাল শিলং-এ অনুষ্ঠিত “Leveraging Externally Aided Projects in the North Eastern States” শীর্ষক সেমিনারে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, গত দুই দশক ধরে ত্রিপুরায় বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, ইন্ডো-জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন

এজেন্সি বা JICA-র মতো আন্তর্জাতিক সংস্থার সহায়তায় একাধিক উন্নয়নমূলক প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে রাজ্যে শিল্প পরিকাঠামো, নগর উন্নয়ন, পর্যটন, জলবায়ু সংরক্ষণ এবং তফসিলি জনজাতির আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে মোট আটটি এক্সটার্নালি এইডেড প্রজেক্ট বাস্তবায়িত হচ্ছে বলে তিনি জানান। ডা: সাহা জানান, গত ১ বছরে প্রায় ৩০ হাজার কোটি টাকার বিনিয়োগ সংক্রান্ত সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়েছে এবং ৮ হাজার কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্প ইতিমধ্যেই বাস্তবায়নের পর্যায়ে প্রবেশ করেছে।

G.M.-NFR :

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব জানিয়েছেন, খুব শিগগিরই আগরতলা থেকে করিমগঞ্জ বৈদ্যুতিক মেমু ট্রেন পরিষেবা চালু হবে। ভারতীয় রেলওয়ের আধুনিক এই কোচ যাত্রী স্বাচ্ছন্দ্যময় এবং যাত্রী ধারণ ক্ষমতাও বেশি। গতকাল আগরতলা রেলস্টেশনে সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, অমৃত ভারত প্রকল্পে আগরতলা রেল স্টেশন নবরূপে সেজে উঠছে। ২০২৭ সালের মার্চ মাসের মধ্যে এই কাজ শেষ হবে। অমৃত ভারত যোজনায় উদয়পুর ও কুমারঘাট রেল স্টেশন আধুনিকীকরণের কাজও এবছর সেপ্টেম্বরে শেষ হবে বলে জানিয়েছেন তিনি।

Blood Donation :

T.S.R এর ১৫নং ব্যাটেলিয়ানের উদ্যোগে গতকাল কুমারঘাটের সায়দাবাড়িতে ব্যাটেলিয়ানের সদর দপ্তরে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, রাজ্য পুলিশে টিএস আর এবং অপারেশনসের আই.জি কেরি মারাক। এখানে পাঁচজন মহিলা সহ ৬৩ জন রক্তদান করেন।

Courtesy Meet :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। লোক ভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Women's Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল এম বি বি স্টেডিয়ামে আসরের ফাইনালে ব্লাডমাউথ ক্লাব ৯ উইকেটে মোচাক ক্লাবকে হারিয়ে দেয়।

FIFA World Cup :

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ দুটি ম্যাচে স্কটল্যান্ডকে ১-০ গোলে পরাজিত করেছে মরক্কো। অন্যদিকে, যুক্তরাষ্ট্র ২-০ গোলে হারিয়েছে অস্ট্রেলিয়াকে।

ভারতীয় সময় অনুযায়ী আজ সকাল ৮টা ৩০ মিনিটে তুরস্ক মুখোমুখি হবে প্যারাগুয়ের।

এই মুহূর্তে ব্রাজিল বনাম হাইতির ম্যাচ চলছে, শেষ পাওয়া খবরে খেলার ফলাফল ব্রাজিল ৩ হাইতি শূন্য।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমাণ ৩.৪ মিলিমিটার।
